

## 💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ দুশিন্তা, মুসীবত, রোগ ও মৃত্যু রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-কাহত্বানী

৫৭. শোকার্তদের সান্ত্বনা দেওয়ার দো'আ

162 - إِنَّ للَّهِ مَا أَخَذَ، وَلَهُ مَا أَعْطَى، وَكُلُّ شَيْءٍ عِنْدَهُ بِأَجَلِ مُسَمَّى... فَلْتَصْبِرْ وَلْتَحْتَسِبْ.

(ইন্না লিল্লা-হি মা আখাযা, ওয়ালাহু মা আ'তা, ওয়া কুল্লু শাই'ইন 'ইনদাহু বিআজালিম মুসাম্মা, ফালতাসবির ওয়াল তাহতাসিব)

১৬২- "নিশ্চয় যা নিয়ে গেছেন আল্লাহ্ তা তাঁরই, আর যা কিছু প্রদান করেছেন তাও তাঁর। তাঁর কাছে সব কিছুর একটি নির্দিষ্ট সময় রয়েছে। কাজেই সবর করা এবং সওয়াবের আশা করা উচিৎ।"[1]

আর নিম্নোক্ত দো'আটি পড়াও ভালো:

أَعْظَمَ اللَّهُ أَجْرَكَ، وَأَحْسَنَ عَزَاءَكَ، وَغَفَرَ لِمَيّتِكَ.

(আ'যামাল্লাহু আজরাকা, ওয়া আহসানা 'আযা-'আকা, ওয়াগাফারা লিমাইয়্যিতিকা)

"আল্লাহ আপনার সওয়াব বর্ধিত করুন, আপনার (শোকার্ত মনে) সুন্দর ধৈর্য ধরার তাওফীক দিন, আর আপনার মৃতকে ক্ষমা করে দিন।"[2]

## ফুটনোট

- [1] বুখারী, ২/৮০, নং ১২৮৪; মুসলিম, ২/৬৩৬, নং ৯২৩।
- [2] আল-আযকার লিন নাওয়াওয়ী, পৃ. ১২৬।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=974

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন